গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, জয়পুরহাট
www.dae.joypurhat.gov.bd

স্মারক নং-১২.১৭.৩৮০০.০৪১.০৬.৩১২.১৭- ২৫৪ (৪০) তারিখ: ২২/০১/২০২৪ খ্রি.

নোটিশ

এতদদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফেব্রুয়ারি/২০২৪ মাসের জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভা আগামী ২৮/০২/২০২৪ খ্রি. সকাল-১০.৩০ ঘটিকায় জেলা প্রশাসক, জয়পুরহাট মহোদয়ের সভাপতিত্বে তাঁর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়সমূহ:
১। বিভিন্ন প্রকার রাসায়নিক সারের মজুত ও বতর্মান পরিস্থিতি।
২। ফেব্রুয়ারি/২০২৪ মাসের ইউরিয়া ও নন-ইউরিয়া সারের বরাদ্দ, টাকা জমা ও উত্তোলন পরিস্থিতি।
৩। মার্চ/২০২৪ মাসের ইউরিয়া ও নন-ইউরিয়া সারের বরাদ্দ প্রসংগে।
৪। রবি/ ২০২৩-২৪ মৌসুমে বিএডিসির বীজের বরাদ্দ, উত্তোলন, বিতরণ ও মজুত পরিস্থিতি প্রসংগে।
৫। বিএডিসি'র মাধ্যমে আমদানীকৃত নন-ইউরিয়া সারের ডিলার হিসাবে নিবন্ধনের জন্য বিএডিসি'র বীজ ডিলারের আবেদন প্রসংগে।
৬। বিবিধ।

বিতরণ (সদয় অবগতি ও সভায় উপস্থিত থাকার অনুরোধসহ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় সংসদ সদস্য, জয়পুরহাট-১।	উপদেষ্টা
২। মাননীয় সংসদ সদস্য, জয়পুরহাট-২।	উপদেষ্টা
৩। জেলা প্রশাসক, জয়পুরহাট।	সভাপতি
৪। পুলিশ সুপার, জয়পুরহাট।	সদস্য
৫। অধিনায়ক, ২০ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, জয়পুরহাট।	সদস্য
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর/পাঁচবিবি/আক্কেলপুর/ক্ষেতলাল/কালাই, জয়পুরহাট।	সদস্য
৭। জেলা প্রাণিসম্পদ অফিসার, জয়পুরহাট।	সদস্য
৮। জেলা মৎস্য অফিসার, জয়পুরহাট।	সদস্য
৯। যুগ্ম পরিচালক, বিএডিসি (সার), বগুড়া।	সদস্য
১০। জেলা বীজ প্রত্যয়ন অফিসার, জয়পুরহাট।	সদস্য
১১। উপজেলা নির্বাহী অফিসার, সদর/পাঁচবিবি/আক্কেলপুর/ক্ষেতলাল/কালাই, জয়পুরহাট।	সদস্য
১২। উপজেলা কৃষি অফিসার, সদর/পাঁচবিবি/আক্কেলপুর/ক্ষেতলাল/কালাই, জয়পুরহাট।	সদস্য
১৩। উপপরিচালক, বিআরডিবি, জয়পুরহাট।	সদস্য
১৪। কৃষি বিপণন কর্মকর্তা, জয়পুরহাট।	সদস্য
১৫। জেলা সমবায় কর্মকর্তা, জয়পুরহাট।	সদস্য
১৬। সিনিয়র সহকারী পরিচালক (বীজ বিপণন), বিএডিসি, জয়পুরহাট ।	সদস্য
১৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাফার গুদাম, জয়পুরহাট।	সদস্য
১৮। সভাপতি, বিএফএ, জয়পুরহাট জেলা শাখা।	সদস্য
১৯। সাধারণ সম্পাদক, বিএফএ, জয়পুরহাট জেলা শাখা।	সদস্য
২০। সভাপতি, জয়পুরহাট প্রেস ক্লাব, জয়পুরহাট।	সদস্য
২১। সভাপতি, চেম্বার অব কমার্স, জয়পুরহাট।	সদস্য
২২। সভাপতি, বিএডিসি বীজ ও সার ডিলার সমিতি, জয়পুরহাট।	সদস্য
২৩। মোঃ এনামুল হক হেলাল, নির্বাহী সদস্য, বিএডিসি বীজ ও সার ডিলার সমিতি, জয়পুরহাট।	সদস্য
২৪। মোঃ আবু ছালাম মন্ডল, সভাপতি, বিএসএ, জয়পুরহাট।	সদস্য
২৫। মোঃ বেলাল হোসেন, সদস্য, বিএসএ, জয়পুরহাট।	সদস্য
২৬। আলহাজ্ব সানোয়ার হোসেন, মনোনীত কৃষক প্রতিনিধি,পাঁচবিবি, জয়পুরহাট।	সদস্য
২৭। আলহাজ্ব আব্দুল কাদের মন্ডল, মনোনীত কৃষক প্রতিনিধি, কালাই, জয়পুরহাট।	সদস্য
২৮। অফিসনথি।	

22/2/24
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, জয়পুরহাট ও
সদস্য সচিব
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি

22/02/24

জেলা সার ও বীজ মনিটরিং কমিটি'র সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ মহিউদ্দিন জাহাঙ্গীর
জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত)
জয়পুরহাট।

সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।
তারিখ : ৩০/০১/২০২৪ খ্রি.।
সময় : বেলা- ১১.০০ ঘটিকা।
সভার উপস্থিতি : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আলোচ্য বিষয়ের উপর আলোচনা শুরু করার জন্য কমিটি'র সদস্য সচিব ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জয়পুরহাট-কে অনুরোধ জানান। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, জয়পুরহাট গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিষয় ভিত্তিক আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th></tr>
<tr><td>০১</td><td>বিভিন্ন প্রকার রাসায়নিক সারের বরাদ্দ, উত্তোলন, বিক্রয় ও মজুত পরিস্থিতি বিষয়ে আলোচনা।</td><td>উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জয়পুরহাট জানান যে, সারের মজুত পরিস্থিতি স্বাভাবিক এবং উপজেলা ভিত্তিক ইউরিয়া ও নন-ইউরিয়া সারের সর্বশেষ মজুত পরিস্থিতি নিম্নরুপ:
<table>
<tr><th colspan="5">(২৯ জানুয়ারি, ২০২৪ তারিখ পর্যন্ত মজুত পরিস্থিতি) (মে. টনে)</th></tr>
<tr><th>উপজেলার নাম</th><th>ইউরিয়া</th><th>টিএসপি</th><th>ডিএপি</th><th>এমওপি</th></tr>
<tr><td>জয়পুরহাট সদর</td><td>৯৪৭.১</td><td>৩২০.৩৫</td><td>৬৪৭.৯</td><td>৪০৭.১</td></tr>
<tr><td>পাঁচবিবি</td><td>৫৬৪.৬৫</td><td>২৫১.৩</td><td>৫৪৭.৭৫</td><td>৪০৯.০৫</td></tr>
<tr><td>আক্কেলপুর</td><td>৪৮৯</td><td>১৫৩.১৫</td><td>২৬৫.২৫</td><td>২৫২.২৫</td></tr>
<tr><td>ক্ষেতলাল</td><td>৪৭০</td><td>১৪৭</td><td>৪২৪</td><td>৩৩৪</td></tr>
<tr><td>কালাই</td><td>৮১২.২৫</td><td>২৯৩.৩</td><td>৪১৩.২</td><td>৫৬৫.৫৫</td></tr>
<tr><td>মোট</td><td>৩২৮৩</td><td>১১৬৫.১</td><td>২২৯৮.১</td><td>১৯৬৭.৯৫</td></tr>
</table>
পূর্ব মাসের বরাদ্দকৃত ইউরিয়া ও নন-ইউরিয়া সারসহ বরাদ্দকৃত সমুদয় সার অতিসত্ত্বর উত্তোলনপূর্বক সারের মজুত বৃদ্ধি এবং সেই সাথে মাসের বরাদ্দের সার সংশ্লিষ্ট মাসেই উত্তোলনের জন্য তিনি অনুরোধ করেন।</td></tr>
<tr><td>০২</td><td>ফেব্রুয়ারি-২০২৪ মাসের ইউরিয়া ও নন-ইউরিয়া সারের বরাদ্দ বিষয়ে আলোচনা।</td><td>উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, জয়পুরহাট জানান যে, ফেব্রুয়ারি-২০২৪ মাসের ইউরিয়া ও নন-ইউরিয়া সারের বরাদ্দ পাওয়া গেছে। তিনি বরাদ্দপত্র সভায় উপস্থাপন করেন এবং উপজেলার চাহিদা ও ফসলের নিবিড়তা অনুযায়ী নিম্নোক্তভাবে বরাদ্দ প্রদানের প্রস্তাব করেন।
<table>
<tr><th colspan="5">(ফেব্রুয়ারি- ২০২৪ মাসের অনুমোদিত বরাদ্দ) (মে. টনে)</th></tr>
<tr><th>উপজেলারনাম</th><th>ইউরিয়া</th><th>টিএসপি</th><th>ডিএপি</th><th>এমওপি</th></tr>
<tr><td>জয়পুরহাট সদর</td><td>১৩১১</td><td>৩২৬</td><td>৪৮৬</td><td>২৯৯</td></tr>
<tr><td>পাঁচবিবি</td><td>১৪৫১</td><td>৪০৮</td><td>৫৬৫</td><td>৩৩১</td></tr>
<tr><td>আক্কেলপুর</td><td>৯০৪</td><td>৩২২</td><td>৬৬৭</td><td>১৬৬</td></tr>
<tr><td>ক্ষেতলাল</td><td>৭০১</td><td>১০৮</td><td>৮০</td><td>১০৩</td></tr>
<tr><td>কালাই</td><td>৪৬৭</td><td>১০৭</td><td>১৬০</td><td>১৭৮</td></tr>
<tr><td>মোট</td><td>৪৮৩৪</td><td>১২৭১</td><td>১৯৫৮</td><td>১০৭৭</td></tr>
</table></td></tr>
<tr><td>০৩</td><td>ফেব্রুয়ারি-২০২৪ মাসের ইউরিয়া, নন-ইউরিয়া সার উত্তোলন বিষয়ে আলোচনা।</td><td>উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, জয়পুরহাট জানান যে, ফেব্রুয়ারি-২০২৪ মাসে ডিলারদের অনুকূলে বরাদ্দকৃত ইউরিয়া ও নন-ইউরিয়া সার সঠিক সময়ে উত্তোলনপূর্বক লালসালু কাপড়ে অথবা ডিজিটাল ব্যানারে মূল্য তালিকা প্রদর্শন করে কৃষক পর্যায়ে সার বিতরণ করতে হবে। সার বিক্রয়ের সময় আবশ্যিকভাবে বিক্রয় রশিদ দিতে হবে। তিনি আরও জানান যে, নীতিমালা অনুযায়ী সার উত্তোলন ও বিতরণ করতে কোন ডিলার ব্যর্থ হলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি নিয়মিত সভা করে সভার রেজুলেশন জেলা সার ও বীজ মনিটরিং কমিটিতে প্রেরণসহ সার মনিটরিং জোরদার করা প্রয়োজন।</td></tr>
<tr><td>০৪</td><td>২০২৪-২৫ অর্থবছরে বিভিন্ন প্রকার রাসায়নিক সারের চাহিদা নিরুপণ বিষয়ে আলোচনা।</td><td>উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, জয়পুরহাট জানান যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা এর স্মারক নং১৩০১ তারিখ: ২৬/১২/২০২৩ খ্রি. মোতাবেক ২০২৪-২৫ অর্থবছরে বিভিন্ন প্রকার রাসায়নিক সারের চাহিদা নিরুপণ করে ৩১/০১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। সে অনুযায়ী সকল উপজেলা হতে প্রাপ্ত চাহিদা একিভূত করে জয়পুরহাট জেলার জন্য আগামী ২০২৪-২৫ অর্থবছরে ইউরিয়া-৮১৭২৩ মে.টন, টিএসপি-২৭১১১ মে.টন, ডিএপি-৪০৪৭৯ মে.টন ও এমওপি-৫৭২৪২ মে.টন সারের চাহিদা নিরুপণ করে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকায় প্রেরণ করা হয়েছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</td></tr>
</table>

	আলোচ্য বিষয়	আলোচনা
০৫	রবি/২০২৩-২৪ মৌসুমে বিএডিসির বীজ বিষয়ে আলোচনা।	সিনিয়র সহকারী পরিচালক, বিএডিসি, জয়পুরহাট জানান যে, রবি/২০২৩-২৪ মৌসুমে আলু, সরিষা, গম বীজ, বোরো ধানবীজ বিতরণ সম্পন্ন হয়েছে, বর্তমানে শাকসবজি বীজ বিতরণ চলমান রয়েছে। বিএডিসি ডিলারগণকে বীজ উত্তোলনের আগমনী বার্তা সংশ্লিষ্ট দপ্তরে প্রদান করার জন্য বিএডিসি (বীবি) অফিস, জয়পুরহাট কে পদক্ষেপ নেওয়ার বিষয়ে আলোচনা করা হয়। বীজের মান নিয়ন্ত্রণে জেলা বীজ প্রত্যয়ন অফিসার, জয়পুরহাট ও সিনিয়র সহকারী পরিচালক (বী.বি.), বিএডিসি'র উদ্যোগে নিয়মিত বীজের দোকান পরিদর্শন এবং বীজ পরীক্ষার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। বীজ ডিলারের বাহিরে কেউ বীজ বিক্রয় করলে মোবাইল কোর্টের আওতায় এনে আইনানুগ ব্যবস্থা নেয়ার বিষয়ে আলোচনা করা হয়। উপপরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, জয়পুরহাট জানান যে, আলু স্টোরের ক্ষেত্রে বীজ আলু ও খাবার আলু আলাদাভাবে বস্তায় গায়ে লিখে সংরক্ষণ করা প্রয়োজন। এ বিষয়ে কোল্ড স্টোর মালিকদের অবহিত করা অত্যন্ত জরুরী। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।
০৬	সার, বীজ ও বালাইনাশক ভেজাল প্রতিরোধে মোবাইল কোর্ট পরিচালনা জোরদারকরণ বিষয়ে আলোচনা।	এ বিষয়ে বিগত সভার সিদ্ধান্তের আলোকে অত্যাবশ্যকীয় কৃষি উপকরণে (সার, বীজ ও বালাইনাশক) ভেজাল, মেয়াদোত্তীর্ণ ও নকল প্রতিরোধে এবং সরকার নির্ধারিত মূল্যে সার বিতরণ নিশ্চিতকরণের নিমিত্তে উপজেলা নির্বাহী অফিসারগণের সমন্বয়ে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার জন্য আলোচনা করা হয়।
০৭	জয়পুরহাট বাফার গুদামে ইউরিয়া সারের মজুত বিষয়ে আলোচনা।	বাফার ইনর্চাজ, জয়পুরহাট জানান যে, জয়পুরহাট বাফার গুদামে ইউরিয়া সারের মজুত স্বাভাবিক। তিনি আরো জানান যে, চলতি মৌসুমে সারের সরবরাহে কোন সমস্যা হবে না।
০৮	বিএডিসি বীজ ডিলারদের বিএডিসি'র সার ডিলার হিসাবে নিবন্ধন প্রদানের প্রয়োজনীয়তার মতামত প্রদান বিষয়ে আলোচনা।	উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, জয়পুরহাট জানান যে, চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, সার ব্যবস্থাপনা বিভাগ, দিলকুশা, ঢাকা মহোদয়ের স্মারক নং ২৪৬০ তারিখ: ২৮/১১/২০২৩ খ্রি. মোতাবেক বিএডিসি বীজ ডিলারদের বিএডিসি'র সার ডিলার হিসাবে নিবন্ধন প্রদানের প্রয়োজনীয়তার মতামত চেয়েছেন। এ বিষয়ে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল), জয়পুরহাট হতে নতুন করে বিএডিসির সার ডিলার হিসাবে নিবন্ধন না দেয়ার মতামত পাওয়া গিয়েছে। তিনি আরও বলেন যে, বর্তমানে জয়পুরহাট জেলায় ০৫ টি উপজেলায় মোট ৩২ টি ইউনিয়ন ও ৫টি পৌরসভার বিপরীতে ৫৭ জন বিসিআইসি সার ডিলার ও ১১১ জন বিএডিসি সার ডিলার বর্তমানে বিদ্যমান রয়েছে। এছাড়াও জেলায় মোট খুচরা সার বিক্রেতা ৩২৩ জন। আবারও নতুন করে বিএডিসির বীজ ডিলারদের সার ডিলার হিসাবে নিবন্ধন প্রদান করা হলে সারের বরাদ্দ, বিতরণ ও মনিটরিং এ জটিলতার সৃষ্টি হওয়ার আশংকা রয়েছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।
০৯	মহামান্য সুপ্রীম কোর্ট, হাইকোর্ট ডিভিশন এর রীট পিটিশন নম্বর: ১৪৯৪৮/২০২৩ বিষয়ে আলোচনা।	উপজেলা কৃষি অফিসার, কালাই জানান যে, এ বিষয়ে মায়া এন্ড মিশু ট্রেডার্স, প্রো: মো: মোস্তাফিজুর রহমান এর আগেও রীট করেন যার জবাব বিজ্ঞ সলিসিটর বরাবর প্রেরণ করা হয়েছে। তিনি আরও বলেন মায়া এন্ড মিশু ট্রেডার্স, প্রো: মো: মোস্তাফিজুর রহমান এর রীট পিটিশন নম্বর: ১৪৯৪৮/২০২৩ এর বিষয়টি পূর্বের ন্যায় উপজেলা সার বীজ মনিটরিং কমিটি, কালাই, জয়পুরহাট নিষ্পত্তিসহ মহামান্য সুপ্রীম কোর্ট, হাইকোর্ট ডিভিশনে জবাব প্রেরণ করে জেলা কমিটিকে অবহিত করা হবে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।
১০	মেসার্স মামুন ব্রাদার্স চাউল কল, প্রো; মোঃ মামুনুর রশিদ, পাঁচবিবি, জয়পুরহাট এর ডিলারশিপ বাতিল বিষয়ে আলোচনা।	উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, জয়পুরহাট জানান যে, মহাব্যবস্থাপক (বাণিজ্যিক), বিভাগীয় প্রধান, বিপণন বিভাগ, বিসিআইসি, ঢাকা মহোদয়ের স্মারক নং ১৩১০ তারিখ: ১৬/০১/২০২৪ খ্রি. মোতাবেক মেসার্স মামুন ব্রাদার্স চাউল কল, প্রো; মোঃ মামুনুর রশিদ, পাঁচবিবি, জয়পুরহাট সার উত্তোলন, মজুত ও কৃষক পর্যায়ে বিতরণে অনিয়ম এবং পরপর দুইমাস সার উত্তোলনে ব্যর্থ হওয়ায় সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯ অনুযায়ী তাঁর নামীয় ডিলারশিপটি বাতিল করা হয়। এমতাবস্তায় সারের সুষ্ঠ বিতরণের লক্ষ্যে উক্ত ইউনিয়নে ডিলার সমন্বয় করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।
১১	কৃষি বিপণন অধিদপ্তর, জয়পুরহাট কর্তৃক সার, বীজ ও বালাইনাশকের লাইসেন্স প্রদান বিষয়ে আলোচনা।	উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, জয়পুরহাট জানান যে, কৃষি বিপণন অধিদপ্তর, জয়পুরহাট কর্তৃক সার, বীজ ও বালাইনাশকের যত্রতত্রভাবে লাইসেন্স প্রদান করা হচ্ছে। তাঁদের লাইসেন্স প্রদানের সুনির্দিষ্টভাবে নীতিমালায় কোথাও নেই যে তাঁরা কোন উৎস হতে সার, বীজ, বালাইনাশকের বরাদ্দ পাবে এবং বিতরণ কিভাবে করবে। এতে করে কৃষি বিপণন অধিদপ্তর, জয়পুরহাট হতে প্রদানকৃত লাইসেন্স প্রাপ্তদের বিভিন্নভাবে নিম্নমানের সার সংগ্রহ করে বেশিদামে বিক্রয় করার আশংকা রয়েছে। এছাড়াও মুদি দোকানে খাদ্য দ্রব্যের পাশাপাশি বালাইনাশক বিক্রয় করছে যা স্বাস্থ্যের জন্য অত্যন্ত ঝুকিপূর্ণ। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

পাতা৷২

উপর্যুক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	ডিলারদের সার বরাদ্দের বিপরীতে উত্তোলন এবং কৃষক পর্যায়ে বিতরণ সুষ্ঠুভাবে মনিটরিং করতে হবে। সেইসাথে মাসের বরাদ্দের সার মাসেই উত্তোলন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ক। উপজেলা নির্বাহী অফিসার (সকল) খ। উপজেলা কৃষি অফিসার (সকল) গ। সংশ্লিষ্ট ডিলার (সকল)
০২	ফেব্রুয়ারি-২০২৪ মাসের বরাদ্দকৃত ইউরিয়া ও নন-ইউরিয়া সার নির্দিষ্ট সময়ের মধ্যে উত্তোলনের জন্য টাকা জমাদান এবং সার উত্তোলনসহ নির্ধারিত এসাইনকৃত বিক্রয় কেন্দ্রে সার পৌঁছানো নিশ্চিত করতে হবে। এ সংক্রান্ত বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	ক। উপজেলা নির্বাহী অফিসার (সকল) খ। উপজেলা কৃষি অফিসার (সকল) গ। সংশ্লিষ্ট ডিলার (সকল)
০৩	সার উত্তোলনের জন্য টাকা জমা প্রদান নির্ধারিত তারিখের মধ্যে নিশ্চিত করতে হবে। ডিলার পর্যায়ে দ্রুত সার উত্তোলন করে সারের মজুত বৃদ্ধি করতে হবে। এ সংক্রান্ত বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। নীতিমালা অনুযায়ী সার উত্তোলন ও বিতরণ করতে কোন ডিলার ব্যর্থ হলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী নিয়মিত জেলা সার ও বীজ মনিটরিং কমিটিতে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	ক। উপজেলা নির্বাহী অফিসার (সকল) খ। উপজেলা কৃষি অফিসার (সকল) গ। বাফার ইনর্চাজ, জয়পুরহাট ঘ। সংশ্লিষ্ট ডিলার (সকল)
০৪	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা এর স্মারক নং১৩০১ তারিখ: ২৬/১২/২০২৩ খ্রি. মোতাবেক সকল উপজেলা হতে প্রাপ্ত চাহিদা একিভূত করে জয়পুরহাট জেলার জন্য আগামী ২০২৪-২৫ অর্থবছরে ইউরিয়া-৮১৭২৩ মে.টন, টিএসপি-২৭১১১ মে.টন, ডিএপি-৪০৪৭৯ মে.টন ও এমওপি-৫৭২৪২ মে.টন সারের চাহিদা নিরুপণ করে ৩১/০১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকায় প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	ক। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জয়পুরহাট। খ। উপজেলা নির্বাহী অফিসার (সকল) গ। উপজেলা কৃষি অফিসার (সকল)
০৫	রবি/২০২৩-২৪ মৌসুমে সবজি ও বোরো বীজসহ অন্যান্য ফসলের বীজের স্বাভাবিক সরবরাহ নিশ্চিত করাসহ সঠিক মানের বীজ সঠিক মূল্যে সময়মত কৃষক যাতে পায় সে লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের মনিটরিং জোরদারকরণ সেই সাথে বীজ ডিলারগণ বীজ উত্তোলন করার সঙ্গে সঙ্গে উপজেলা কৃষি অফিসে আগমনী বার্তা প্রদান নিশ্চিত করার সিদ্ধান্ত গ্রহণ করা হলো। ভেজাল নিয়ন্ত্রণে জেলা বীজ প্রত্যয়ন অফিসার, জয়পুরহাট ও সিনিয়র সহকারী পরিচালক (বী.বি.), বিএডিসি'র উদ্যোগে নিয়মিত বীজের দোকান পরিদর্শন এবং বীজ পরীক্ষার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। নিবন্ধীত বীজ ডিলারের বাহিরে কেউ বীজ বিক্রয় করলে মোবাইল কোর্টের আওতায় এনে আইনানুগ ব্যবস্থা নেয়ার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। আলু স্টোরের ক্ষেত্রে বীজ আলু ও খাবার আলু আলাদাভাবে বস্তায় গায়ে লিখে কোল্ড স্টোরে সংরক্ষণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	ক। জেলা বীজ প্রত্যয়ন অফিসার, জয়পুরহাট খ। উপজেলা নির্বাহী অফিসার (সকল) গ। উপজেলা কৃষি অফিসার (সকল) ঘ। সিনিয়র সহকারী পরিচালক (বী.বি.), বিএডিসি, জয়পুরহাট। ঙ) সংশ্লিষ্ট বীজ ডিলার।
০৬	অত্যাবশকীয় কৃষি উপকরণ (সার, বীজ ও বালাইনাশক) ভেজাল, মেয়াদোত্তীর্ণ ও নকল প্রতিরোধে উপজেলা নির্বাহী অফিসারগণের সমন্বয়ে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখা এবং কৃষি উপকরণের নমুনা নিয়মিত পরীক্ষা করার জন্য পরীক্ষাগারে প্রেরণ করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হলো। সার ডিলারের বাহিরে কেউ সার বিক্রয় করলে এবং বিক্রয় রশিদ ছাড়া সার বিক্রয় করলে মোবাইল কোর্টের আওতায় এনে আইনুনাগ ব্যবস্থা নেয়ার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	ক। জেলা বীজ প্রত্যয়ন অফিসার, জয়পুরহাট খ। উপজেলা নির্বাহী অফিসার (সকল) গ। উপজেলা কৃষি অফিসার (সকল) ঘ। সিনিয়র সহকারী পরিচালক (বী.বি.), বিএডিসি, জয়পুরহাট।
০৭	বাফার গুদামে ইউরিয়া সারের মজুত বৃদ্ধি, সরবরাহ স্বাভাবিক রাখা ও ইউরিয়া সার বিতরণ পরিস্থিতি মনিটরিং অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	ক। উপজেলা নির্বাহী অফিসার (সদর) খ। উপজেলা কৃষি অফিসার (সদর) গ। বাফার ইনর্চাজ, জয়পুরহাট।
০৮	উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল), জয়পুরহাট এর মতামত ও সার্বিক পরিস্থিতি বিবেচনায় বিএডিসির বীজ ডিলার হতে নতুন করে বিএডিসির সার ডিলার হিসাবে নিবন্ধন না দেয়ার মতামত পাঠানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তবে ইতোপূর্বে যে সকল সুপারিশ প্রেরণ করা হয়েছে সেগুলোর নিবন্ধন প্রদান করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	ক। জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, জয়পুরহাট খ। উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল), জয়পুরহাট
০৯	উপজেলা সার বীজ মনিটরিং কমিটি, কালাই, জয়পুরহাট বিষয়টি নিষ্পত্তিসহ মহামান্য সুপ্রীম কোর্ট, হাইকোর্ট ডিভিশনে জবাব প্রেরণ করে জেলা কমিটিকে অবহিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	ক। উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, কালাই, জয়পুরহাট খ। সংশ্লিষ্ট ডিলার।

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১০	উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, পাঁচবিবি, জয়পুরহাট এর ডিলার সমন্বয়ের সিদ্ধান্ত না পাওয়া পর্যন্ত পূর্বের মাসের ন্যায় সারের বরাদ্দ বিভাজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, পাঁচবিবি, জয়পুরহাট কে দ্রুততম সময়ের মধ্যে এ বিষয়ে সুপারিশ প্রেরণের জন্য অনুরোধ করা হয়।	ক। জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, জয়পুরহাট খ। উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি (পাঁচবিবি), জয়পুরহাট
১১	কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক অত্যাবশ্যকীয় কৃষিপণ্য (সার, বীজ, বালাইনাশক ও নার্সারী) এর লাইসেন্স প্রদানের ক্ষেত্রে বিশৃঙ্খলা সৃষ্টির আশংকার বিষয়টি উর্দ্ধতন কতৃপক্ষকে অবহিত করণের সিদ্ধান্ত গৃহিত হলো।	ক। জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, জয়পুরহাট খ। কৃষি বিপণন অফিসার, জয়পুরহাট

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/০২/২০২৪

(মোঃ মহিউদ্দিন জাহাঙ্গীর)
জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত)
জয়পুরহাট
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
উপপরিচালকেরকার্যালয়
কৃষিসম্প্রসারণঅধিদপ্তর
খামারবাড়ি, জয়পুরহাট
www.dae.joypurhat.gov.bd

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

স্মারক নং-১২.১৭.৩৮০০.০৪১.০৬.৩১৪.১৭-২৫৭(৪৫) তারিখ:২১/০২/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় সংসদ সদস্য, জয়পুরহাট-১।
২। মাননীয় সংসদ সদস্য, জয়পুরহাট-২।
৩। সচিব,কৃষি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। সিনিয়র সচিব,শিল্প মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫। চেয়ারম্যান,বিসিআইসি,বিসিআইসি ভবন,৩০-৩১ দিলকুশা বাণিজ্যিক এলাকা,ঢাকা।
৬। মহাপরিচালক,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি,ঢাকা।
৭। পরিচালক,সরেজমিন উইং,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৮। বিভাগীয় কমিশনার,রাজশাহী বিভাগ,রাজশাহী।
৯। অতিরিক্ত পরিচালক,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,বগুড়া অঞ্চল,বগুড়া।
১০। জেলা প্রশাসক, জয়পুরহাট।
১১। পুলিশ সুপার, জয়পুরহাট।
১২। অধিনায়ক, ২০ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, জয়পুরহাট।
১৩। উপজেলা চেয়ারম্যান, জয়পুরহাট সদর/পাঁচবিবি/আক্কেলপুর/ক্ষেতলাল/কালাই, জয়পুরহাট।
১৪। যুগ্ম পরিচালক, বিএডিসি (সার), বগুড়া।
১৫। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জয়পুরহাট।
১৬। জেলা মৎস্য কর্মকর্তা, জয়পুরহাট।
১৭। জেলা বীজ প্রত্যয়ন অফিসার, জয়পুরহাট।
১৮। উপপরিচালক, বিআরডিবি, জয়পুরহাট।
১৯। জেলা সমবায় কর্মকর্তা, জয়পুরহাট।
২০। কৃষি বিপণন কর্মকর্তা, জয়পুরহাট।
২১। উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর/পাঁচবিবি/আক্কেলপুর/ক্ষেতলাল/কালাই, জয়পুরহাট।
২২। উপজেলা কৃষি কর্মকর্তা, জয়পুরহাট সদর/পাঁচবিবি/আক্কেলপুর/ক্ষেতলাল/কালাই, জয়পুরহাট।
২৩। সিনিয়র সহকারী পরিচালক (বীজ বিপণন), বিএডিসি, জয়পুরহাট ।
২৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাফার গুদাম, জয়পুরহাট।
২৫। সভাপতি, বিএফএ, জয়পুরহাট জেলা শাখা।
২৬। সাধারণ সম্পাদক, বিএফএ, জয়পুরহাট জেলা শাখা।
২৭। সভাপতি, বিএডিসি বীজ ও সার ডিলার সমিতি, জয়পুরহাট।
২৮। সভাপতি, চেম্বার অব কমার্স, জয়পুরহাট।
২৯। সভাপতি, জয়পুরহাট প্রেস ক্লাব, জয়পুরহাট।
৩০। মোঃ এনামুল হক হেলাল, নির্বাহী সদস্য, বিএডিসি বীজ ও সার ডিলার সমিতি, জয়পুরহাট।
৩১। মোঃ আবু ছালাম মন্ডল, সভাপতি, বিএসএ, জয়পুরহাট।
৩২। মোঃ বেলাল হোসেন, সদস্য, বিএসএ, জয়পুরহাট।
৩৩। আলহাজ্ব সানোয়ার হোসেন, মনোনীত কৃষক প্রতিনিধি,পাঁচবিবি, জয়পুরহাট।
৩৪। আলহাজ্ব আব্দুল কাদের মন্ডল, মনোনীত কৃষক প্রতিনিধি, কালাই, জয়পুরহাট।
৩৫। অফিস নথি।

২২/২/২৪
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, জয়পুরহাট ও
সদস্য সচিব
২২/০২/২৪ জেলা সার ও বীজ মনিটরিং কমিটি

D:\mehedi\Mehedi\mehedi\জেলা সার ও বীজ মনিটরিং কমিটি' র সভার কার্যবিবরণী. docx